

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.১১৩.২০১৭-৩০৫


তারিখ : ০২ মার্চ ২০১৭

বিষয়: ২০১৪-২০১৫ বছরের রাজস্ব উদ্বৃত্ত অর্থ ও ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি হতে প্রাপ্ত অর্থ হতে ২১টি প্রকল্পের ভূতাপেক্ষ অনুমোদন এবং ২০টি প্রকল্প বাস্তবায়নের সময়সীমা বৃদ্ধিকরণ।

সূত্র: উপজেলা পরিষদ কার্যালয়, পাবনা সদর এর স্মারক নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৫.০০৩.১৭-১০৯; তারিখ: ১৫ জানুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ কার্যালয়, পাবনা সদর হতে প্রাপ্ত পত্রটি (সংলগ্নীসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। পাবনা সদর উপজেলা পরিষদের ২০১৪-২০১৫ বছরের রাজস্ব উদ্বৃত্ত অর্থ ও ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি হতে প্রাপ্ত অর্থ হতে ২১টি এবং চলমান ২০টি প্রকল্প উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প গ্রহণ করা হয়েছে কিনা, না করলে কেন গ্রহণ করা হয়নি এবং নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত না করার কারণ ইত্যাদি বিষয়ে সরেজমিন তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৫ (৩০৫) পাতা।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
পাবনা।

অনুলিপি :

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।